গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল।
www.dife.tangail.gov.bd

নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ,
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ

# SDG বিষয়ক মার্চ/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মহর আলী মোল্লা<br>উপমহাপরিদর্শক |
| সভার তারিখ | ০২/০৪/২০২৩ |
| সভার সময় | বেলা ০২.০০ টায় |
| স্থান | সভা কক্ষ, উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল |
| উপস্থিতি | পরিশিষ্ট- কমিটির সদস্যগণের হাজিরা |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতেই জানানো হয় যে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)- এর আওতায় ১৭টি অভীষ্ট, ১৬৯টি টার্গেট এবং ২৩১টি ইন্ডিকেটর রয়েছে। এসডিজি'র ১৬৯টি টার্গেটের মধ্য থেকে ৮ নং অভীষ্টের ৩টি টার্গেট (৮.৫, ৮.৭, ৮.৮) অর্জনে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় মূল দায়িত্ব পালন করছে। উক্ত ৩টি টার্গেটের পরিমাপক হিসেবে মোট ৫টি ইন্ডিকেটর (৮.৫.১, ৮.৫.২, ৮.৭.১, ৮.৮.১, ৮.৮.২) রয়েছে। প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)- এর লক্ষ্যমাত্রা অর্জনের বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | জানুয়ারি, ২০২৩ মাসের সভার কার্যবিবরণী দৃঢ়করণ | এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটির ফেব্রুয়ারি, ২০২৩ মাসের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কী না জানতে চাওয়া হলে কারো কোনো সংশোধনী নেই বলে জানান। | এসডিজি বিষয়ক ফেব্রুয়ারি, ২০২৩ মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০২ | এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি | এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে কর্মপরিকল্পনা বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে বলে সভায় জানানো হয়। | এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে কর্মপরিকল্পনা বাস্তবায়নে কার্যক্রম জোরদারপূর্বক অব্যাহত রাখতে হবে। | সকল পরিদর্শক |
| ০৩ | কর্মক্ষেত্রে পেশাগত দুর্ঘটনার হার হ্রাস বিষয়ক এসডিজির ইন্ডিকেটর ৮.৮.১ বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন এসডিজির ইন্ডিকেটর ৮.৮.১ বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এ বিষয়ে শিল্প কলকারখানা/প্রতিষ্ঠানে দুর্ঘটনা ঘটলে শ্রম আইন অনুযায়ী অত্র দপ্তরে নোটিশ প্রেরণ, রেজিষ্টারে লিপিবদ্ধকরণ, সংরক্ষণ ও মাসিক দুর্ঘটনার প্রতিবেদন প্রেরণের জন্য কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | ১. কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>২. নিয়মিত পরিদর্শনের সময় উদ্বুদ্ধকরণ করতে হবে। | সকল পরিদর্শক |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | সেইফটি কমিটি | আইন ও বিধি মোতাবেক যে সকল কারখানা/প্রতিষ্ঠানে সেইফটি কমিটি গঠন করা যায় সেখানে সেইফটি কমিটি গঠন করার বিষয়ে সভায় বিশেষ গুরত্ব গুরত্ব আরোপ করা হয়। সভায় কমিটির সদস্য শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) জনাব মোহাম্মদ এরফানুল কবির উল্লেখ্য করেন যে, অত্র কার্যালয়ের অধিক্ষেত্র- টাঙ্গাইল ও মানিকগঞ্জ জেলায় বিভিন্ন কারখানা/প্রতিষ্ঠানে মোট ৭২টি সেফটি কমিটি গঠিত হয়েছে। প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক সকল সেইফটি কমিটির কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করে যাচাই পূর্বক প্রধান কাযালয়ে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে এবং সকল সেইফটি কমিটিকে আইন/বিধি মোতাবেক কার্যকর করার জন্য কারখানা/প্রতিষ্ঠানসমূহে পত্র প্রেরণ করা হয়েছে। | ১. আইন ও বিধি মোতাবেক যে সকল কারখানা/ প্রতিষ্ঠানে সেইফটি কমিটি গঠন করা যায় সেখানে সেইফটি কমিটি গঠন ও কার্যকর করার কার্যক্রম জোরদার করতে হবে।<br>২. আইন ও বিধি মোতাবেক সেইফটি কমিটির কাযক্রম পরিচালনার জন্য কারখানা/প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করতে হবে। | সকল পরিদর্শক |
| ০৫ | শিশুশ্রম নিরসন | এসডিজি টার্গেট বাস্তবায়নে সরকারের পরিকল্পনা অনুযায়ী ২০২৫ সালের মধ্যে সকল কাজ এবং সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসন করতে হবে। এসডিজি লক্ষ্যমাত্রা অর্জন এবং শিশুশ্রম নিরসনে মহাপরিদর্শক মহোদয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | ২০২৫ সালের মধ্যে সকল কাজ এবং সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসন করতে হবে। এজন্য<br>১. কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>২. নিয়মিত ও বিশেষ পরিদর্শনের সময় তথ্য সংগ্রহ ও শিশুকে কাজে নিয়োজিত না করার জন্য মালিক/কর্তপক্ষকে উদ্বুদ্ধ করতে হবে। | সকল পরিদর্শক |
| ০৬ | এসডিজি বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা/মতবিনিময় সভা/সেমিনার আয়োজন | এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অত্র কার্যালয়ের আওতাধীন কারখানা/প্রতিষ্ঠানের মালিক, শ্রমিক, সেইফটি কমিটির সদস্যগণকে নিয়ে উদ্বুদ্ধকরণ সভা, মতবিনিময় সভা, সেমিনার/কর্মশালা ও প্রশিক্ষণের আয়োজন করা হলে তা অধিক ফলপ্রসূ হবে বলে মত ব্যক্ত করা হয়। | ০১. এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কারখানা/প্রতিষ্ঠানে নিয়মিত পরিদর্শনকালে মালিক প্রতিনিধি, শ্রমিক প্রতিনিধি, সেইফটি কমিটির সদস্যগণকে নিয়ে প্রত্যেক টিমকে উদ্বুদ্ধকরণ সভা করতে হবে।<br>০২. এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অত্র কার্যালয়ের আওতাধীন কারখানা/প্রতিষ্ঠানের মালিক, শ্রমিক, সেইফটি কমিটির সদস্যগণকে নিয়ে মতবিনিময় সভা/আলোচনা সভা/সেমিনার/ কর্মশালা/প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br>৩. প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক দুর্ঘটনা হ্রাস ও শিশুশ্রম নিরসন বিষয়ক লিফলেট/পোস্টার শিল্প কারখানা/প্রতিষ্ঠানে বিতরণ করতে হবে।<br>৪. দুর্ঘটনার রিপোর্ট লিমা এপস এর মাধ্যমে প্রদানে মালিক/কর্তৃপক্ষকে উদ্বুদ্ধ করতে হবে। | ০১. সকল টিম<br>০২. ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | ওয়েবসাইটে এসডিজি কর্ণার স্থাপন ও হালনাগাদকরণ | অত্র কার্যালয়ের তথ্য বাতায়নে এসডিজি কর্ণার স্থাপন করা হয়েছে এবং তথ্যাদি হালনাগাদ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | দপ্তরের তথ্য বাতায়নে SDG সেবা বক্সে তথ্য দিয়ে নিয়মিত হালনাগাদ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব |
| ০৯ | এসডিজি বিষয়ক সভা আয়োজন, সিদ্ধান্ত বাস্তবায়ন ও কার্যবিবরণী প্রেরণ | অত্র কার্যালয়ের (SDG) বাস্তবায়নে মনিটরিং সংক্রান্ত কমিটির সভা নিয়মিত আয়োজন করা হচ্ছে এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়ন করা হচ্ছে এবং সভার রেজুলেশন ও অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। | ১. প্রতি মাসে SDG বিষয়ক সভা আয়োজন করতে হবে।<br>২.সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>৩. সভার রেজুলেশন ও অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করা করতে হবে। | ১. ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>২. সকল পরিদর্শক |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৩-০৪-২০২৩
মহর আলী মোল্লা
উপমহাপরিদর্শক
০২৯৯৭৭৫৩৩১৮
digfe.tangail@gmail.com

তারিখ: ২০ চৈত্র ১৪২৯
০৩ এপ্রিল ২০২৩

**নম্বর:** ৪০.০১.৯৩০০.১০২.৯৯.০০৯.১৯.৭৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
২। পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, পরিসংখ্যান ও গবেষণা উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং
৩। সকল কর্মকর্তা-কর্মচারী, উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল।

০৩-০৪-২০২৩
মহর আলী মোল্লা
উপমহাপরিদর্শক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) মার্চ-২০২৩ মাসের SDG বিষয়ক সভার কার্যপত্র
(২) মার্চ-২০২৩ মাসের অগ্রগতি-Workplan 8.8.1 Final
(৩) মার্চ-২০২৩-ঝুঁকিপূর্ণ সেক্টরসহ বিভিন্ন সেক্টর হতে শিশুশ্রম নিরসনকল্পে ১ বছর মেয়াদী কর্মপরিকল্পনা অগ্রগতি